

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা

গত ২২.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
তারিখ : ২২.০৮.২০১৭ খ্রিঃ  
সময় : সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১।	জনাব মোঃ আবদুর রউফ	অতিরিক্ত সচিব (কর ও বাজেট)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০২।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক	জাতীয় রাজস্ব বোর্ড
০৩।	জনাব কালিপদ হালদার	সদস্য (তথ্য ব্যবস্থাপনা ও সেবা) ও প্রকল্প পরিচালক, এসজিএমপি	জাতীয় রাজস্ব বোর্ড
০৪।	জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা	সদস্য (শুল্কঃ রপ্তানী বন্ড ও আইটি)	জাতীয় রাজস্ব বোর্ড
০৫।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী এনডিসি	যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৬।	জনাব মোঃ বজলুল কবির ডুইয়া	মহাপরিচালক	বিবিএস (কর) একাডেমি
০৭।	জনাব সৈয়দ মুসফিকুর রহমান	উপপ্রকল্প পরিচালক	ভ্যাট অনলাইন প্রকল্প
০৮।	জনাব সফিনা জাহান	অতিরিক্ত কর কমিশনার	কর অঞ্চল-১, চট্টগ্রাম
০৯।	জনাব নন্দিতা রানী সাহা	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং বিভাগ	গণপূর্ত অধিদপ্তর
১০।	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১১।	জনাব মোঃ মেহেদী মাসুদ ফয়সাল	সহকারী কর কমিশনার	কর অঞ্চল বরিশাল
১২।	জনাব অনিমেশ চন্দ্র দাস	সহকারী কর কমিশনার	কর অঞ্চল খুলনা

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র অনুসারে বিগত ২২.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার অনুমোদিত এবং বিতরণকৃত কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কারো কোনো আপত্তি না থাকায় তা নিশ্চিত করা হয়।

৩.১ অতঃপর সভায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপি'তে এ বিভাগের আওতায় এনবিআর কর্তৃক বাস্তবায়নাদীন মোট ৪টি উন্নয়ন প্রকল্পের জুলাই, ২০১৭ পর্যন্ত নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

মোট বরাদ্দ			মোট অবমুক্ত			মোট ব্যয়			অগ্রগতির হার	
মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	২০১৬-১৭	২০১৫-১৬
১৯০.৫৪	৬০.৮২	১২৯.৭২	০০	০০	০০	০০	০০	০০	০০	০০

৩.২ সভার শুরুতে কোনো প্রকল্পেই অর্থ অবমুক্তি ও ব্যয় না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করে বলেন যে, অর্থ বছরের শুরুতেই সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে কর্ম পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি চলমান প্রকল্পসমূহে এখনই কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নপূর্বক সে মোতাবেক কর্মপ্রয়াস গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৩.৩ অতঃপর বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। এ পর্যায়ে দেখা যায় যে, ভ্যাট অনলাইন প্রকল্প ও 'বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প'র আওতায় ৫ (পাঁচ) দিনব্যাপী প্রকল্প ব্যবস্থাপনার ওপর যে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিলো তা বাস্তবায়িত হয়নি। এ বিষয়ে ভ্যাট অনলাইন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, ভ্যাট অনলাইন প্রকল্পের পিআইইউ-তে কর্মরতদের সম্প্রতি অন্যত্র বদলী করা হয়েছে। যাদের এখানে পদায়ন করা হয়েছে তারা সবাই এখনও কাজে যোগ দেননি। এ কারণে গত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত প্রশিক্ষণ কোর্সটি আগামী সেপ্টেম্বর মাসের মাঝামাঝি আয়োজন করা সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, যেহেতু কাস্টমস ও ভ্যাট এর মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ প্রকল্পে সংযুক্তিতে কাজ করতে আগ্রহী থাকেন না, সে কারণে একটি নির্দিষ্ট সময় পর পর পিআইইউ গঠন করা সমীচীন হবে। প্রতিবার নতুন পদায়িত কর্মকর্তাগণের জন্য এরূপ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে।

৩.৪ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমিতে চলমান ও অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণ কোর্সে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়টি অন্তর্ভুক্তির সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়িত না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় বিসিএস

(কর) একাডেমির মহাপরিচালক জানান যে, চলমান এবং অনুষ্ঠেয় প্রশিক্ষণ কোর্সসমূহে এ বিষয়টি শিঘ্রই অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা নেয়া হয়েছে। তবে, বিষয়ের গুরুত্ব বিবেচনায় এবং সিনিয়র সচিব মহোদয়ের অভিপ্রায়কে গুরুত্ব দিয়ে গত ০৯-১০ আগস্ট, ২০১৭ তারিখে বিসিএস (কর) একাডেমিতে দুই দিনব্যাপী 'ট্রেইনিং কোর্স অন প্রজেক্ট ম্যানেজমেন্ট এন্ড পাবলিক প্রকিউরমেন্ট' শীর্ষক একটি সংক্ষিপ্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। শেষ দিনে সিনিয়র সচিব মহোদয় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষার্থীদের হাতে সনদপত্র তুলে দিয়েছেন। এতে কর কমিশনার হতে সহকারী কর কমিশনার পর্যন্ত মোট ত্রিশজন ক্যাডার অফিসার অংশগ্রহণ করে খুবই উৎসাহিত হয়েছেন। সভায় বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমির মহাপরিচালক খুব শিঘ্রই এধরনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করবেন বলে জানান।

- ৩.৫ বিসিএস (কর) একাডেমির নিজস্ব জমি ও ভৌত অবকাঠামো না থাকায় ভাড়া বাড়িতে একাডেমির কার্যক্রম পরিচালনায় যে সকল সমস্যা মোকাবিলা করতে হচ্ছে তা মহাপরিচালক সভায় তুলে ধরেন। সভায় বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমির উন্নয়ন বিষয়েও আলোচনা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে সিনিয়র সহকারী প্রধান বলেন যে, সরকারের প্রায় সকল ক্যাডার একাডেমির জন্য উন্নয়ন প্রকল্প থাকলেও এ দুটি ক্যাডার একাডেমির উন্নয়নের জন্য কোনো প্রকল্প গ্রহণ করা হয়নি। সভায় বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমির উন্নয়নের জন্য দুটি আলাদা প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট মহাপরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়।
- ৩.৬ সভায় জানানো হয় যে, গত ২৭.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত 'বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের জনবলের জন্য প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে একটি সংক্ষিপ্ত কোর্স আয়োজনেরও সিদ্ধান্ত হয়েছিল বলে সিনিয়র সহকারী প্রধান সভায় অবহিত করেন। তিনি সভায় আরোও জানান যে, এ বিষয়ে এনবিআর-এর সংশ্লিষ্ট দ্বিতীয় সচিবের সাথে টেলিফোনে আলোচনা হয়েছে। উক্ত দ্বিতীয় সচিব জানিয়েছেন যে, এ প্রকল্পের প্রকল্প পরিচালক এবং অন্যান্য কর্মকর্তা এখনও নিয়োগ/পদায়ন না হওয়ায় প্রস্তাবিত প্রশিক্ষণ কোর্সটি আপাততঃ আয়োজন করা যাচ্ছে না। সভায় অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী দ্রুততম সময়ে 'বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের প্রয়োজনীয় কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/পদায়নের বিষয়ে একমত পোষণ করা হয়।
- ৩.৭ 'রাজস্ব ভবন-২ নির্মাণ' প্রকল্পের ডিপিপি প্রণয়নের সর্বশেষ অগ্রগতি জানিয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হতে চাহিদামালা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। চাহিদা অনুযায়ী প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় জাতীয় রাজস্ব বোর্ডের বোর্ড প্রশাসন উইং-কে দ্রুত চাহিদামালা প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরো বলেন যে, যে সকল জেলা শহরে কাস্টম, এক্সাইজ ও ভ্যাট দপ্তর এবং কর দপ্তরের নিজস্ব জমি রয়েছে সে সকল দপ্তরের নিজস্ব ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট ও কর) বলেন যে, ভবন নির্মাণের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রণয়ন আবশ্যিক। সভায় বিভিন্ন জেলা শহরে নিজস্ব জমিতে ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/কর কমিশনারগণ আগামী ২ (দুই) মাসের মধ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৩.৮ সভায় বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয়ঃ

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপির অবস্থান
০১।	খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ডিপিপির ওপর যাচাই কমিটির সভা আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।
০২।	জামালপুর কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৩।	টাঙ্গাইল কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৪।	চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ওপর গত ০২.০৩.২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পেলে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৫।	মংলা কাস্টম হাউজ নির্মাণ প্রকল্প	প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

*Am*

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপি অবস্থান
০৬।	সাতক্ষীরা কাস্টমস ভবন ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্প	প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে।
০৭।	যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের জনবল নির্ধারণের জন্য ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
০৮।	বরিশাল কর ভবন নির্মাণ প্রকল্প	গত ০৬.০৮.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়া গেলে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৯।	রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।
১০।	সাভার ও ধামরাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি ওপর যাচাই কমিটির সভা আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।
১১।	মানিকগঞ্জ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি ওপর যাচাই কমিটির সভা আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।
১২।	ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন প্রকল্প	পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণের আলোকে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
১৩।	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।

৩.৯ বিবিধ আলোচনায় যুগ্ম-সচিব (পরিকল্পনা) বলেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রতিটি প্রকল্পের জন্য স্বতন্ত্র এবং পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য যে পত্র প্রেরণ করা হয়েছিল তার পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড জানিয়েছে যে, বাস্তবায়নাধীন ০৩টি প্রকল্পে কমিশনার পর্যায়ের কর্মকর্তাগণকে প্রথমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ন্যস্ত করে পরবর্তিতে তাদেরকে স্ব-বেতনে পূর্ণকালীন প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা যেতে পারে। কিন্তু কোন্ কোন্ কমিশনার বা সমপর্যায়ের কর্মকর্তাকে ন্যস্ত করা হবে তার কোনো তালিকা প্রেরণ করা হয়নি। নিয়ম অনুযায়ী প্রতিটি পদের জন্য নূন্যতম ৩ (তিন) জন কর্মকর্তার নাম সংশ্লিষ্ট কমিটির নিকট উপস্থাপনের বিধান রয়েছে। এ বিষয়ে গত মাসে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিলো যে, জরুরীভিত্তিতে প্রতিটি প্রকল্পের জন্য নূন্যতম ৩ (তিন) জন করে কর্মকর্তার নাম সুপারিশ আকারে এনবিআর-এর বোর্ড প্রশাসন অনুবিভাগ আইআরডি'তে প্রেরণ করবে। কিন্তু এনবিআর হতে কোনো সুপারিশ পাওয়া যায়নি। আলোচনায় অংশ নিয়ে সভাপতি মহোদয় বলেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের যে কোনো অনুশাসন কিংবা পরামর্শ অগ্রাধিকারের ভিত্তিতে প্রতিপালন করা আবশ্যিক। তিনি অনিষ্পন্ন প্রস্তাব/সুপারিশ পরবর্তি ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৪.১ দ্রুততম সময়ে সকল প্রকল্পে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের নিমিত্ত প্রকল্পের কর্মপরিকল্পনা, ক্রয় পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়নপূর্বক আইআরডি'তে প্রেরণ করতে হবে;
- ৪.২ সেপ্টেম্বর মাসের এডিপি পর্যালোচনা সভার পূর্বেই ভ্যাট অনলাইন প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণের জন্য পার্বলিক প্রকিউরমেন্ট ও প্রকল্প ব্যবস্থাপনার ওপর ৫ (পাঁচ) দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে;
- ৪.৩ বিসিএস (কর) একাডেমি ও বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমিতে অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণে প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত একটি মডিউল অন্তর্ভুক্ত করতে হবে। চট্টগ্রামস্থ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি কর্তৃক যত শিঘ্র সম্ভব এধরনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন নিশ্চিত করতে হবে;
- ৪.৪ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমির উন্নয়নের জন্য দুটি আলাদা প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট মহাপরিচালকগণ জাতীয় রাজস্ব বোর্ডের মাধ্যমে পরবর্তি ২ (দুই) মাসের মধ্যে আইআরডি'তে প্রেরণ করবেন;
- ৪.৫ 'বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী দ্রুততম সময়ে প্রকল্প পরিচালক ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/পদায়নের পর প্রকল্প ব্যবস্থাপনার ওপর সংক্ষিপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে;
- ৪.৬ 'জাতীয় রাজস্ব ভবন-২ নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি এনবিআর-এর বোর্ড প্রশাসন অনুবিভাগ দ্রুততম সময়ে প্রেরণ করবে;



- ৪.৭ যে সকল জেলা শহরে কাস্টমস ও কর দপ্তরের নিজস্ব জমি রয়েছে সে সকল নিজস্ব জমিতে ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/কর কমিশনারগণ জাতীয় রাজস্ব বোর্ডে প্রকল্প প্রস্তাব প্রেরণ করবেন;
- ৪.৮ ২০১৭-১৮ সালের এডিপিতে অন্তর্ভুক্ত যে সকল প্রকল্পের ডিপিপি এখনও প্রণীত হয়নি সে সকল প্রকল্পের ডিপিপি জরুরীভিত্তিতে প্রণয়নপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড সমন্বয়কের দায়িত্ব পালন করবেন;
- ৪.৯ এনবিআর তাদের বাস্তবায়নামীন উন্নয়ন প্রকল্পসমূহের পূর্ণকালীণ প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিয়ম অনুযায়ী প্রতিটি পদের জন্য ন্যূনতম ৩ (তিন) জন কর্মকর্তার নাম সুপারিশ আকারে প্রেরণ করবে।
- ৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=  
 (মোঃ নজিবুর রহমান)  
 সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০১০.১৪(অংশ-১).২১১


তারিখঃ ২৪.০৮.২০১৭ খৃঃ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব শাহিন ইসলাম, যুগ্ম-সচিব)।
- ০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব কাজী দেলওয়ার হোসেন, পরিচালক)।
- ০৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা সাহা, নির্বাহী প্রকৌশলী)।
- ০৫। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব সরোওয়ার আলম, উপ-প্রধান)।
- ০৬। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব বোরহানুল হক, উপ-প্রধান)।
- ০৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ ডক্টর নুরন নাহার, উপ-প্রধান)।
- ০৮। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০৯। সদস্য (কাস্টমসঃ রপ্তানি ও বন্দ), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১১। প্রকল্প পরিচালক, এসজিএমপি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, বন্দ স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৪। কমিশনার, মংলা কাস্টমস হাউজ, খালিশপুর, খুলনা।
- ১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, যশোর/খুলনা/রংপুর/ঢাকা (পশ্চিম)।
- ১৬। কর কমিশনার, কর অঞ্চল বরিশাল/খুলনা/চট্টগ্রাম-১
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

অনুলিপি

- ০১। অতিরিক্ত সচিব (কর ও বাজেট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

  
 মোঃ আব্দুল আখের  
 সিনিয়র সহকারী প্রধান  
 ফোনঃ ৯৫৫৪৪৮২